গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়, কুষ্টিয়া।
Email: kushtia@cs.dghs.gov.bd
ফোন নং ০২৪৭৭৭-৮৩৩০৫

স্মারক নংঃ সিএস/কুষ/শা-১/২০২৪/ ১১৬২ তারিখ ঃ ২৬/০৪/২০২৪ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ প্রশাসন-১ শাখা এর স্মারক নং স্বাসেবি/প্রশা-১/পিএইচ/২সি-১৭/৯৬-১৫৫, তারিখঃ ১৮ জানুয়ারী ২০২৪খ্রিঃ/০৪মাঘ,১৪৩০বঙ্গাব্দ মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, কুষ্টিয়া ও নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব খাতের পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দাগণের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে ( http://cskushtia.teletalk.com.bd ) ওয়েব সাইটের মাধ্যমে আবেদন আহবান করা যাচ্ছে অনলাইন (**Online**) ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র নং | পদের নাম | পদের সংখ্যা | বেতনগ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য সহকারী | ৯৭ | (গ্রেড-১৬) (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | শুধুমাত্র কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | পরিসংখ্যানবিদ | ০৩ | (গ্রেড-১৪) (১০২০০-২৪৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>এবং<br>খ) কম্পিউটার চালনায় দক্ষতা | |
| ০৩ | কোল্ড চেইন টেকনিশিয়ান | ০১ | (গ্রেড-১৫) (৯৭০০-২৩৪৯০-/) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৪ | ষ্টোর কিপার | ০৪ | (গ্রেড-১৬) (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) ষ্টোর কিপার নিয়োগের জন্য চূড়ান্ত বিবেচিত হলে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। | |
| ০৫ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ | (গ্রেড-১৪) (১০২০০-২৪৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>সাঁটলিপিতে বাংলা প্রতি মিনিটে ৪৫ শব্দ,ইংরেজী প্রতি মিনিটে ৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দ।<br>খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ | (গ্রেড-১৬)<br>(৯৩০০-২২৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং কম্পিউটার মুদ্রাক্ষরে<br>প্রতি মিনিটে বাংলায় ২০ ও ইংরেজীতে ২০ শব্দ। |
| ০৭ | ড্রাইভার | ০৪ | (গ্রেড-১৬)<br>(৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) হালকা গাড়ি চালনার হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্স এবং<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১। আগ্রহী প্রার্থীকে http://cskushtia.teletalk.com.bd ওয়েব সাইটে অনলাইনে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে।

অন্য কোন ভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। আবেদনপত্র,লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

২। প্রার্থীগণকে অবশ্যই বাংলাদেশের জন্মসূত্রে নাগরিক এবং জাতীয় পরিচয় পত্র অনুযায়ী কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। কোনো প্রার্থী বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ দাখিল করতে হবে।

৫। সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও ড্রাইভার পদে প্রার্থীগণ লিখিত পরীক্ষায় উত্তীর্ণের পর বিধি মোতাবেক ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য হবেন।

৬। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সাবেক ওয়ার্ড ভিত্তিক প্রার্থীদের নিয়োগ করা হবে। যোগ্য প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড (একই ইউনিয়ন) হতে যোগ্য প্রার্থী দ্বারা শুন্য পদ পূরণ করা হবে। সাবেক ওয়ার্ড ভিত্তিক শূন্য পদের তালিকা ওয়েব সাইট (www.cskushtia.gov.bd) সিভিল সার্জন অফিস,কুষ্টিয়া এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়সমূহের নোটিশ বোর্ডে প্রদর্শিত হবে।

৭। বীর মুক্তিযোদ্ধা, এতিম, শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী , আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যদের কোটা সহ অন্যান্য বিশেষ কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধিবিধান প্রতিফলিত হবে এবং আবেদন পত্র পূরণের সময় কোটা উল্লেখ করতে হবে।

আবেদনের সময় কোটা উল্লেখ না থাকলে পরবর্তীতে বিবেচনা করা হবে না।

**৮। আবেদনকারীর বয়সঃ**

ক) ১৪/০৫/২০২৪খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে।। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর। বয়স প্রমানের ক্ষেত্রে এসএসসি সনদ/জন্মনিবন্ধন ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

খ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে (নির্ধারিত বয়সসীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারি অপরাধে দন্ডিত হলে কিংবা বরখাস্ত হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

গ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন পত্র পূরণের সময় Departmental Status নির্ধারিত Option Select করতে হবে।

৯। প্রার্থীগণকে আবেদন পত্র পূরণের সময় সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ করতে হবে। আবেদনের সময় শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি উল্লেখ না থাকলে পরবর্তীতে বিবেচনা করা হবে না। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে শিক্ষা বিভাগ/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

**১০। অনলাইন (Online)- এ আবেদনপত্র পুরণ সংক্রান্ত নির্দেশনাবলী ও আবেদনের সময় সীমা নিম্নরুপঃ**

ক) Online - এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪/০৪/২০২৪ খ্রিঃ. সকাল ১০.০০ ঘটিকা।
Online - এ আবেদন ফরম জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪/০৫/২০২৪ খ্রিঃ. বিকাল ৫.০০ ঘটিকা।

খ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online - এ আবেদন ফরম Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

১১।আবেদনের পদ্ধতিঃ

ক) Online - এ আবেদন ফরম- এ প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৩০০) ) pixel সর্বোচ্চ 100 KB সর্বোনিম্ন 4 KB ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ প্রস্থ ৮০) pixel সর্বোচ্চ 60 KB সর্বোনিম্ন 3 KB স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। Online - এ আবেদন ফরম এ পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহার করা হবে সেহেতু Online - এ আবেদন ফরম Submit পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

খ) প্রার্থী Online - এ পূরণকৃত আবেদন ফরম এর একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১২। **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online -এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web- এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন পরিমার্জন/পরিবর্ধন গ্রহনযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy Download পূর্বক নিশ্চিত হয়ে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষন করবেন। Applicant's Copy তে User ID দেয়া থাকবে। বর্ণিত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নবর্ণিত পদ্ধতিতে যেকোন teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুটি) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১৩ থেকে ১৬ গ্রেড পর্যন্ত ২০০/- টাকা ও teletalk এর সার্ভিস চার্জবাবদ ২৩/- টাকা সহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা অফেরতযোগ্য অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।এখানে বিশেষভাবে উল্লেখ্য Online -এ আবেদন ফরম এর সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদন ফরম কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**নিয়মাবলি:**

**প্রথম SMS: CSKUSHTIA**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **CSKUSHTIA ABCDEF** এবং 16222 SEND করতে হবে।

Reply SMS: Applicant`s Name, TK. 223/= Will be charged as application fee, Your PIN is XXXXXXXX. To pay fee type CSKUSHTIA<space>YES<space>PIN and send to 16222 [ আপনাকে ৮ সংখ্যার একটি PIN নম্বর দেওয়া হবে যেমন 12345678]

**দ্বিতীয় SMS: CSKUSHTIA**<space>**YES**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CSKUSHTIA **YES 12345678** & send to 16222.
Reply: Congratulations Applicant`s Name, Payment completed successfully for CSKUSHTIA for CSK Application for XXXXXXXX User ID is (ABCDEF) and Password (XXXXXXXX).

১৩। শুধু যোগ্য প্রার্থীদেরকে প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cskushtia.teletalk.com.bd ওয়েবসাইটে এবং নিজস্ব ব্যবহারকৃত মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যথা সময়ে জানানো হবে।

Online আবেদন ফরম প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোন নম্বরে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ে যোগাযোগ সম্পন্ন হবে বিধায় উক্ত মোবাইল ফোন নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা যথাযথ ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নং পদের নাম, ছবি,পরীক্ষার তারিখ সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই Admit Card টি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন। শুধু teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনুরুদ্ধার করতে হবে।

ক) **User ID** জানা থাকলে:
**CSKUSHTIA**<space>**Help**<space>**User**<space>**User ID** থাকলে এবং 16222 নম্বরে পাঠান।
উদাহারণ: **CSKUSHTIA Help User ABCDEF** লিখে 16222 নম্বরে পাঠান।

খ) **PIN Number** জানা থাকলে:
**CSKUSHTIA**<space>**Help**<space>**PIN**<space>**PIN** নম্বর 16222 নম্বরে পাঠান।
উদাহারণ **CSKUSHTIA Help PIN 12345678** লিখে 16222 নম্বরে **Send** করতে হবে।

১৪। Online - এ আবেদন করতে কোন সমস্যা হলে Teletalk নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd তে ই-মেইলে মাধ্যমে যোগাযোগ করা যাবে । লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে ও ওয়েবসাইট (www.cskushtia.gov.bd এর মাধ্যমে জানানো হবে। এছাড়াও বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbdTeletalk এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। অথবা alljobs.query@teletalk.com.bd এই ইমেইলে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর Subject এ Organization Name: CSKUSHTIA, Post Name: Applicant`s User Id ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে ।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র ও অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।
খ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন।
গ) চাকরির আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) নাগরিক সনদপত্র।
ঘ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং বীর মুক্তিযোদ্ধা/ শহীদ এবং বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কতৃক প্রার্থীর সঙ্গে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র।
চ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
জ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে আনসার ভিডিপি সংশ্লিষ্ট জেলা কমান্ডেন্ট কর্তৃক নূন্যতম ২১ দিনের মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত প্রদত্ত সনদপত্র।
ঝ) সকল চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।
ঞ) Download কৃত Applicant's Copy এবং Admit Card এর কপি।

১৫। প্রার্থীকে লিখিত, প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা,ভুল/ভিন্ন তথ্য দিয়ে একাধিকবার আবেদন ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসাদুপায় গ্রহণ করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে ও পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোনো আবেদন গ্রহণ বা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/ সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। এ নিয়োগের ক্ষেত্রে অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৮। এ নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বিবেচিত হবে।

১৯। ওয়েব সাইট (www.cskushtia.gov.bd) নোটিশ বোর্ড সিভিল সার্জন অফিস,কুষ্টিয়াতে নিয়োগ বিজ্ঞপ্তি পরীক্ষার ফলাফল সহ এতদাসংক্রান্ত সকল তথ্য পাওয়া যাবে। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও এছাড়া QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ও ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২০। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়নপত্র চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়াও নিয়োগের পূর্বে ডোপটেষ্ট করা হবে। ডোপটেষ্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে আগ্রহী প্রার্থীদের সতর্কতার সাথে অনলাইনে যথাযথভাবে আবেদন ফরম পূরণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ফি জমাদান সহ সকল প্রক্রিয়া সম্পন্ন করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

সিভিল সার্জন,
কুষ্টিয়ার ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code

সিভিল সার্জন,
কুষ্টিয়া এর টেলিটক
পোর্টালের QR Code

29/08/24
(ডাঃ মোঃ আকুল উদ্দিন)
সিভিল সার্জন
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ কমিটি, কুষ্টিয়া।
27/08/2024